

বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯০৮

পর্ব - ৭০৮ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩. শুফ'আহ বা অগ্রে ক্রয়ের অধিকারের বিবরণ - শুফ'আহর সময়

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ - رَضِيَ اللَّهُ عَنْهُمَا -، عَنِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: الشُّفَعَةُ كَحَلِ الْعِقَالِ. رَوَاهُ ابْنُ مَاجَةَ وَالْبَزَّارُ، وَزَادَ: «وَلَا شُفَعَةَ لِغَائِبٍ». وَإِسْنَادُهُ ضَعِيفٌ

ضعيف جداً. رواه ابن ماجه (2500) وقال الحافظ في «التلخيص» (3/56) إسناده

ضعيف جداً

বাংলা

৯০৮. ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত, তিনি নবী সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম হতে বর্ণনা করেন, নবী সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম বলেছেন- 'শুফআ'র হক উট বাঁধা রশি খুলে ফেলার অনুরূপ। -বায়বারে আরো আছে- অনুপস্থিত শরীকের জন্য শুফ'আহার হক কার্যকর নয়। -এ হাদীসের সানাদ য'ঈফ। [1]

ফুটনোট

[1] ইবনু মাজাহ ২৫০০। ইবনু হাজার তাঁর দিরায়াহ (২/২০৩) গ্রন্থে এর সানাদেক য'ঈফ বলেছেন, অনুরূপভাবে ইমাম সনআনী সুবুলুস সালাম (৩/১২০) গ্রন্থে বলেন, এর দ্বারা দলিল সাব্যস্ত হবে না। ইমাম শাওকানী তাঁর আস সাইলুল জাররার (৩/১৭৫) গ্রন্থে বলেন, মুনকার, প্রমাণিত নয়। শাইখ আলবানী তাঁর যাইফুল জামে (৩৪৩৯) গ্রন্থে দুর্বল বলেছেন, ইরওয়াউল গালীল ১৫৪২ ও য'ঈফ ইবনু মাজাহ ৪৯০ গ্রন্থে অত্যন্ত দুর্বল বলেছেন। এর সানাদে ইবনুল বাইলামানী রয়েছেন যিনি তাঁর পিতা থেকে যে কপি থেকে বর্ণনা করেন সেটি জাল। তার দলিল গ্রহণযোগ্য নয়। ইবনু আদী তাঁর আল কামিল ফি যু'আফা (৭/৩৮৪) গ্রন্থে বলেন, এর বর্ণনাকারী মুহাম্মাদ বিন আবদুর রহমান আল বাইলামানী সে দুর্বল। ইবনু উসাইমীন তার বুলুগুল মারামের শরাহ (৪/২২৯) গ্রন্থে বলেন, এর সানাদ দুর্বল আর মতন হচ্ছে শায (বিরল)।

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70715>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন